

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
পাট-২ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আশ্বিন, ১৪২১ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৩)/৩০৫—পাটজাত মোড়ক দ্বারা পণ্য মোড়কজাতকরণ ও পাটজাত মোড়কের ব্যবহার, বিতরণ, উৎপাদন ও সরবরাহ ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” এর ৫ নং ধারা অনুযায়ী গঠিত উপদেষ্টা কমিটির সুপারিশের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও অনুসরণের নিমিত্ত সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন :—

- (১) ২৮ সেপ্টেম্বর, ২০১৩ সালের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২৬-০৯-২০১৩ ইং তারিখের ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২-২০৩ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (ক) ও (গ) এর “চলতি অর্থবছর” এর পরিবর্তে “এখন থেকে” শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
  - (২) ধান, গম ও ভুট্টা বীজের ক্ষেত্রে ৫ কেজি ও তদূর্ধ্ব পরিমাণ মোড়কীকরণে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহার করতে হবে। এক্ষেত্রে বিজেএমসি ৫০% এবং বেসরকারি উৎস হতে ৫০% হারে লেমিনেটেড হেসিয়ান ব্যাগ সরবরাহ করবে।
  - (৩) সরকারি ও বেসরকারিভাবে আমদানিকৃত চাল ও গম মোড়কীকরণে ১০০% পাটের বস্ত্র বাধ্যতামূলকভাবে ব্যবহার করতে হবে।
- ২। উক্ত আইনের ৭ (৩) ধারা মতে অত্র আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমা বেগম  
যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

( ১৮৭২৫ )

মূল্য : টাকা ৪.০০